



নং- ১২.০১.০০০০.০০০.৩৩.০০১.১৭-১৯ (৬৪)

তারিখ: ১৯ মার্চ ২০১৮


শ্রী শ্রী সত্যজিৎ

বর্তমান কৃষি বাস্তব সরকার আধুনিক গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে কৃষি ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন ও অগ্রগতি সাধন করেছে। জলবায়ু পরিবর্তন ও অন্যান্য প্রাকৃতিক কারণে সৃষ্ট বৈরী পরিস্থিতি মোকাবেলা ও কৃষিজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার সব সময় কৃষকদের পাশে থেকে সহায়তা দিয়ে আসছে। কৃষির অগ্রযাত্রা অব্যাহত রাখতে পূর্ববর্তী বছরসমূহের ন্যায় এবারও খরিপ-১/২০১৮-১৯ মৌসুমে কৃষকদের জন্য আউশ প্রণোদনা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, আউশ একটি আদি ধান, এতে সূর্যের আলো বেশী পড়ে। ফলে সালোক সংশ্লেষণ (Photosynthesis) বেশী হয়। যার কারণে ফলন সময় কমে আসে। এতে সেচের জন্য পানি ব্যবহারের পরিমাণও কম লাগে। আউশ ধানের খড় গবাদি পশু খেতে পছন্দ করে। আউশ ধান চাষ নিরাপদ, ব্যয় সাশ্রয়ী এবং প্রতিকূলতা সহনশীল। আউশের ধারাবাহিক আবাদ ও উৎপাদন ধরে রাখতে এ প্রণোদনা কার্যক্রমের সৃষ্ট বাস্তবায়ন অপরিহার্য। এ কার্যক্রমে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করা হলে সারা দেশে আউশের আবাদ বৃদ্ধি পাবে এবং সরকারের প্রণোদনা প্রদানের উদ্দেশ্য সফল হবে।

- প্রকৃত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক যাতে প্রণোদনা পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।
- প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রণীত নীতিমালা অনুসরণ করতে হবে।
- গুচ্ছ আকারে প্রণোদনা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
- এ কার্যক্রম বাস্তবায়নের কাজ প্রণীত রোড ম্যাপ অনুযায়ী যথাসময়ে সমাপ্ত করতে হবে।
- সকল প্রকার ব্যয় ও সমন্বয় সাধন আর্থিক বিধিবিধান অনুসরণ করে করতে হবে।
- কার্যক্রম বাস্তবায়নে যেকোন ধরনের অনিয়ম ও অসংগতি পরিহার করতে হবে।
- আপনার অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে কর্মতৎপর হওয়ার জন্য নির্দেশ প্রদান করতে হবে।
- নিয়মিত মার্চ পরিদর্শন ও সমস্যা নিরসনে সার্বক্ষণিক তৎপর থাকতে হবে।

এ কার্যক্রম বাস্তবায়নে আপনার কর্মতৎপরতা, সময়োপযোগী পদক্ষেপ, সমন্বয়, সিদ্ধান্ত, নিবিড় তদারকি ও সহযোগিতা একান্ত কাম্য। কার্যক্রমের সকল উপকরণের সৃষ্ট বিতরণসহ সার্বিক কার্যক্রমের যথাযথ বাস্তবায়ন করতে আপনার নিবিড় তদারকি জোরদার প্রয়োজন। আমি আশা করি জেলা প্রশাসক ও স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে এ কার্যক্রমের সৃষ্ট সম্পাদনে আপনি কার্যকরী ভূমিকা পালন করবেন।

শুভেচ্ছান্তে।


(মোহাম্মদ মহসীন)

উপপরিচালক

.....

.....